# RAMAKRISHNA MISSION VIDYAMANDIRA

(Residential Autonomous College under University of Calcutta)

B.A./B.SC. ~~THIRD~~ First SEMESTER EXAMINATION, DECEMBER 2012

FIRST YEAR

BENGALI (GENERAL)

Date : 24/12/2012

Time : 11 am – 2 pm

Paper : I

Full Marks : 75

১। নিম্নে উল্লিখিত শব্দগুলির অশুদ্ধির কারণ উল্লেখ করে অশুদ্ধ শব্দে পরিণত করো। ৫X৪=২০

পুরষ্কার, প্রতিযোগীতা, মন্ত্রীত্ব, বর্ননা, প্রনত, অগ্নিশাৎ, বেস্টন, সমিকরণ, লঘুকরণ, পূজো

২। মূল ভাব বা সারাংশ রচনা করো। (নিম্নে প্রদত্ত দুটি অংশের যে কোন একটির উত্তর দাও।)।

প্রদত্ত অংশের মূল ভাবটি নিয়ে সম্পূর্ণ নিজের ভাষায় শুদ্ধ বাক্যে এবং শুদ্ধ বানানে অনধিক ৪০টি শব্দে সারাংশ লিখতে হবে। ১০

কোন জাতি কেবল বিদেশী ভাষার চর্চায় কখনও বড়ো হইতে পারে নাই। ইউরোপ যখন লাটিন ছাড়িয়া দেশী ভাষা ধরিয়াছিলো তখন হইতেই ইউরোপের অন্ধকার যুগের অবসান হইয়া আধুনিক উজ্জ্বল যুগের আরম্ভ হইয়াছে। যেদিন ইংল্যাণ্ড নর্মান ফ্রেঞ্চ ত্যাগ করিয়ে তাহার এক সময়ের ঘৃণিত স্যাকসন ভাষাকে বরণ করিয়া লইল, সেদিন ইংল্যাণ্ডের জাতীয় জীবনের তথা উন্নতির সূত্রপাত হইল। যখন হইতে জার্মানি ফরাসি ভাষার মোহপাশ কাটিয়া তাহার মাতৃভাষাকে পূজার স্থান দিল, তখন হইতে জার্মানির জাতীয় জীবনের উন্নতি হইল। সাহিত্যের দুই একটি শাখা বিদেশী মাটিতে বাঁচিতে পারে, কিন্তু সমগ্র সাহিত্য বিদেশী অবহাওয়ায় বাঁচিতে পারে না। (শব্দ সংখ্যা ৮৭)

অথবা

মানুষ অতি দুর্বল জীব ; সবল শত্রুর নিকট আত্মরক্ষার জন্য সে আর-একটা কৌশল আশ্রয় করিয়াছে। মানুষ দল বাঁধিয়া বাস করে ; সেই দলের নাম 'সমাজ'। দল বাঁধিয়া থাকিতে হইলে স্বাধীনতাকে ও স্বাতন্ত্র্যকে সংযত করিতে হয় – নতুবা দল ভাঙ্গিয়া যায়। যে পাশব প্রবৃত্তি সমাজকে তুচ্ছ করিয়া মানুষকে কেবল আত্মরক্ষার দিকে প্রেরিত করে, দলের কল্যাণার্থে মানুষ সেই পাশব প্রবৃত্তির সংযমে বাধ্য হয়। এইজন্য যে বুদ্ধি আবশ্যক তাহার নাম ধর্মবুদ্ধি, ইহা বিশিষ্টরূপে মানবধর্ম। ইহা সমাজরক্ষার অনুকূল – ইহা লোকস্থিতির সহায়। নৈতিক জীবনের কুরুক্ষেত্রে দাঁড়িয়ে ধর্ম-অধর্মের এই নিরন্তর সংগ্রাম মানুষের অন্তরে জীবনব্যাপী চলিতে থাকে। (শব্দ সংখ্যা ৮৭)

৩। বাংলা গদ্যসাহিত্যে শ্রীরামপুর মিশনের ভূমিকা আলোচনা করো। ১৫

অথবা

বাংলা গদ্যের বিকাশে ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ভূমিকা সম্পর্কে বিস্তারিত লেখো। ১৫

৪। যে কোনে একটিকে নিয়ে আলোচনা করো। ৫

ক) বঙ্কিমচন্দ্র *অথবা* কমলাকান্তের দপ্তর

খ) বিবেকানন্দ *অথবা* পরিব্রাজক

৫। যে কোন দুটি প্রশ্নের উত্তর দাও। ১০X২=২০

ক) বাংলা নাটকে মধুসূদনের অবদান সম্পর্কে লেখো।

খ) বাংলা কাব্যে ঈশ্বরগুপ্তের অবদান সম্পর্কে আলোচনা করো।

গ) বাংলা গীতিকবিতায় বিহারীলালের অবদান সম্পর্কে আলোচনা করো।

ঘ) বঙ্কিমচন্দ্রের ঐতিহাসিক উপন্যাস নিয়ে আলোচনা করো।

৬। যে কোনে একটিকে নিয়ে আলোচনা করো। ৫

বৃত্রসংহার, মেঘনাদবধ কাব্য